

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮৭

১/ বিবিধ

আরবী

لأن يؤدب الرجل ولده، أو أحدكم ولده خير له من أن يتصدق كل يوم بنصف صاع
ضعيف جدا

أخرجه الترمذي (2 / 131 - تحفة) والحاكم (4 / 462) وأحمد (5 / 96 و102) وعنه
الطبراني في "المنتقى من حديثه" (4 / 6 / 2) والسهمي في "تاريخ جرجان" (352 -
353) من طرق عن ناصح أبي عبد الله عن سماك بن حرب عن جابر بن سمرة أن
النبي صلى الله عليه وسلم قال: فذكره. وقال الترمذي: "حديث غريب، وناصح بن
علاء الكوفي، ليس عند أهل الحديث بالقوي، ولا يعرف هذا الحديث إلا من هذا الوجه
". وقال عبد الله بن أحمد عقب الحديث: "لم يخرج له أبي في "مسنده" من أجل
ناصح، لأنه ضعيف الحديث

وأمله علي في (النوادر) ". وقال في المكان الآخر: " ما حدثني أبي عن ناصح
غير هذا الحديث ". قلت: وسكت عنه الحاكم، وتعقبه الذهبي بقوله: " قلت: ناصح
هالك ". وقال في "الضعفاء" قال ابن معين وغيره: ليس بثقة ". وقال الحافظ في
التقريب: " ضعيف ". وأورده ابن أبي حاتم في "العلل" (2 / 240 - 241) وقال عن
أبيه: هذا حديث منكر، وناصح ضعيف الحديث

বাংলা

১৮৮৭। ব্যক্তি কর্তৃক স্বীয় সন্তানকে আদব শিক্ষা দেয়া, অথবা তোমাদের কোন একজন কর্তৃক স্বীয় সন্তানকে

আদব শিক্ষা দেয়া তার জন্য বেশী উত্তম প্রতিদিন অর্ধ সা' করে সাদাকা করার চেয়ে।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে তিরমিযী (২/১৩১), হাকিম (৪/৪৬২), আহমাদ (৫/৯৬, ১০২), তার থেকে ত্ববারানী "আলমুনতাকা মিন হাদীস" গ্রন্থে (৪/৬/২) ও সাহমী "তারীখু জুরজান" গ্রন্থে (৩৫২-৩৫৩) বিভিন্ন সূত্রে নাসেহ আবু আবদুল্লাহ হতে, সাম্মাক ইবনু হারব হতে, তিনি জাবের ইবনু সামুরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

তিরমিযী বলেনঃ হাদীসটি গারীব। নাসেহ ইবনু আলা কূফী, তিনি আহলেহাদীসগণের নিকট শক্তিশালী নন। আর হাদীসটিকে শুধুমাত্র এ সূত্রেই চেনা যায়।

আব্দুল্লাহ ইবনু আহমাদ হাদীসটির পরক্ষণেই বলেনঃ এ নাসেহের কারণে এটিকে আমার পিতা তার "মুসনাদ" গ্রন্থে উল্লেখ করেননি। কারণ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। তিনি আমাকে হাদীসটি "আননাওয়াদির" গ্রন্থে লিখিয়েছেন। তিনি অন্যত্র বলেনঃ আমার পিতা নাসেহ হতে শুধুমাত্র এ হাদীসটিই বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাকিম এ হাদীসের ব্যাপারে চুপ থেকেছেন। আর হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ নাসেহ হালেক। আর তিনি "আযযুয়াফা" গ্রন্থে বলেছেনঃ ইবনু মাজিন প্রমুখ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। হাদীসটিকে ইবনু আবী হাতেম "আলইলাল" গ্রন্থে (২/২৪০-২৪১) উল্লেখ করে তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ এ হাদীসটি মুনকার। নাসেহ হাদীসের ক্ষেত্রে দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72770>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন